

সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২০১০

১২/ জানাযা সম্পর্কিত (کتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৫. রোগী দেখতে যাওয়া

باب فِي عِيَادَةِ الْمَرْضَى

আরবী

وَحَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى الْعَنَزِيُّ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَهْضَمٍ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ، _ وَهُوَ ابْنُ جَعْفَرٍ _ عَنْ عُمَارَةَ، _ يَعْنِي ابْنَ غَزِيَّةَ _ عَنْ سَعِيدِ بْنِ الْحَارِثِ بْنِ الْمُعَلَّى، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ، أَنَّهُ قَالَ كُنَّا جُلُوسًا مَعَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم إِذْ جَاءَهُ رَجُلٌ مِنَ الْأَنْصَارِ فَسَلَّمَ عَلَيْهِ ثُمَّ أَدْبَرَ الأَنْصَارِيُّ فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم رَجُلٌ مِنَ الأَنْصَارِ كَيْفَ أَخِي سَعْدُ بْنُ عُبَادَةَ " . فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " مَنْ يَعُودُهُ مِنْكُمْ " . فَقَامَ وَقُمْنَا مَعَهُ وَنَحْنُ بِضْعَةَ عَشَرَ مَا عَلَيْنَا نِعَالٌ وَلاَ خَوْافٌ وَلاَ قَلاَنِسُ وَلاَ قُمُص نَمْشِي فِي تِلْكَ السِّبَاخِ حَتَّى جِنْنَاهُ فَاسْتَأْخَرَ قَوْمُهُ مِنْ حَوْلِهِ حَتَّى دَنَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وأصْحَابُهُ الَّذِينَ مَعَهُ .

বাংলা

২০১০। মুহাম্মাদ ইবনুল মূসান্না আন-আনায়ী (রহঃ) ... আবদুল্লাহ ইবনু উমর (রাঃ) বলেন, আমরা রাসুলুল্লাহ সাল্লাল্লাল্ছ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট বসা ছিলাম, তখন জনৈক আনসারী রাসুলুল্লাহ সাল্লাল্লাল্ছ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে তাঁকে সালাম করলেন, এরপর আনসারী প্রস্থান করলেন। তখন রাসুলুল্লাহ সাল্লাল্লাল্ছ আলাইহি ওয়াসাল্লাম বললেন, হে আনসারী ভাই! আমার ভাই সা'দ ইবন উবাদা কেমন আছে? তিনি উত্তর দিলেন, ভাল। রাসুলুল্লাহ সাল্লাল্লাল্ছ আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমাদের মধ্যে কে তার খোঁজখবর নিতে যাবে? এ বলে তিনি দাঁড়ালেন, আমরাও তার সঙ্গে দাঁড়ালাম। আমরা দশ জনের অধিক ছিলাম। আমাদের কারো পায়ে জুতা, মোজা, মাথায় টুপি এবং গায়ে জামা ছিল না। আমরা সে খড়খড়ে রাস্তা দিয়ে চলছিলাম এবং তার কাছে গিয়ে পৌছলাম। আমাদেরকে দেখে তার গোত্রের লোকজন তাঁর নিকট হতে সরে গেলেন এবং রাসুলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম ও তার সাথী সাহাবীরা তার কাছে এলেন।

English



'Abdullah b. 'Umar reported:

While we were sitting with the Messenger of Allah (ﷺ), a person, one of the Ansar, came to him and greeted him. The Ansari then turned back. Upon this the Messenger of Allah (ﷺ) said: o brother of Ansar, how is my brother Sa'd be 'Ubada? He said: He is better. The Messenger of Allah (ﷺ) said: Who amongst you would visit him? He (the Holy Prophet) stood up and we also got up along with him, and we were more than ten persons. We had neither shoes with us, nor socks, nor caps, nor shirts. We walked on the barren land till we came to him. The people around him kept away till the Messenger of Allah (ﷺ) and his Companions with him came near him (Sa'd b. 'Ubada).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন